

বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।

অক্টোবর ২০২০ হতে ডিসেম্বর ২০২০ সময়কালের ২য় প্রাপ্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ


সভাপতি	ঃ	জনাব মোঃ তোফায়েল আহমেদ, মহাব্যবস্থাপক (সভাপতি, বিভাগীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি)
তারিখ ও সময়	ঃ	০১.১২.২০২০ খ্রীঃ সময় বিকালঃ ৪.৩০ঃ
স্থান	ঃ	মহাব্যবস্থাপক এর অফিস কক্ষ।
উপস্থিতি	ঃ	পরিশিষ্টি-ক'

০১। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তার বক্তব্যে অত্র ব্যাংকের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন কাঠামো সম্পর্কে আলোকপাত করেন এবং সে অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্ছতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম, সে কারনেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করেছেন। অত্র ব্যাংকের অত্র বিভাগেও যাতে শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে, শুধুমাত্র পয়েন্ট অর্জনের জন্য দায়সারাভাবে কার্যক্রম গৃহীত না হয় তার জন্য উপস্থিত সকলকে পরামর্শ দেন।

০২। সভাপতি “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১” এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রাপ্তিকে লক্ষ্যমাত্রাসমূহ পূরণের জন্য বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, প্রতিষ্ঠানের বিধি বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা, সততা ইত্যাদি বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন।

০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) বিগত ১ম প্রাপ্তিকের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।
  - খ) কাগজপত্র সঠিক থাকলে ০৩(তিন) দিনে মধ্যে ঋণ নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
  - গ) গ্রাহকগণের তরফ হতে কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
  - ঘ) প্রণোদনা প্যাকেজের সুদের হারসহ সকল প্রাসংগিক তথ্য, ঋণ সহজীকরণ সার্কুলারের তথ্য স্বপ্রণোদিতভাবে হালনাগাদ রাখতে হবে। যথাসময়ে সুদ ভুক্তকী ও পুনঃ অর্থায়ন প্রাপ্তির জন্য নির্ধারিত ছকে বিবরণীসমূহ যথাযথভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
  - ঙ) অঞ্চল/শাখা পরিদর্শনের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।
  - চ) ঋণ আদায়, ঋণ বিতরণ ও আমানত সংগ্রহ ক্যাম্প এর আয়োজন নিশ্চিত করার জন্য অত্র কার্যালয়ের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের ক্যাম্পে ক্যাম্পে ভ্রমণ করতে হবে।
- ০৪। অতঃপর ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০১/১২/২০  
(মোঃ তোফায়েল আহমেদ)  
মহাব্যবস্থাপক  
আহ্বায়ক  
শুদ্ধাচার নৈতিকতা কমিটি, বিকাঃ, ফরিদপুর







বিকেবি/বিকা/ফরিদ/প্রশাঃ-২৬(শুদ্ধাচার)/২০২০-২০২১/

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিনিকা, ফরিদপুর।
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর বিভাগ।

তারিখঃ ০১.১২.০২০ খ্রীঃ

অদ্য ০১-১২-২০২০ ইং তারিখে অনুষ্ঠিত বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুরের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সদস্যগণের  
হাজিরাঃ

নং	নাম ও পদবী	কমিটিতে পদ	স্বাক্ষর
০১।	জনাব মোঃ তোফায়েল আহমেদ মহাব্যবস্থাপক,	আহ্বায়ক	 ২০/১২/২০
০২।	জনাব মোঃ মেহেদী হাসান, সহকারী মহাব্যবস্থাপক (উমব্য.এর দায়িত্বে),	সদস্য	 ২০/১২/২০
০৩।	জনাব উত্তম কুমার মজুমদার, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা,	সদস্য সচিব (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)	 ২০/১২/২০
০৪।	জনাব মোঃ জুবায়ের আলম, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	সদস্য (প্রশাসনিক দপ্তরে কর্মরত)	 ২০/১২/২০
০৫।	জনাব মুহাম্মদ শফিকুর রহমান, মুখ্য কর্মকর্তা	সদস্য (পরিদর্শন দপ্তরে কর্মরত)	 ২০/১২/২০
০৬।	জনাব এসএম শাহনেওয়াজ, সহকারী প্রকৌশলী	সদস্য (আইটি দপ্তরে কর্মরত)	 ২০/১২/২০